

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
কারা-১ অধিশাখা

পত্র নং-৪৪.০০.০০০০.০২৩.০৫.০১৭.২০১৪-৩১৫

তারিখঃ ০২ কার্তিক, ১৪২৩ বঙ্গাব্দ
১৭ অক্টোবর, ২০১৬ খ্রিঃ


প্রজ্ঞাপন

কারা অধিদপ্তরের সহকারী কারা মহাপরিদর্শক, জনাব মোহাম্মদ সাজ্জাদ হোসেনকে ০৬-১২ নভেম্বর, ২০১৬ খ্রিঃ তারিখ পর্যন্ত সময়ে GIZ এর উদ্যোগে জার্মানীতে অনুষ্ঠিতব্য “Study Mission in Germany” শীর্ষক শিক্ষা সফরে অংশগ্রহণ শেষে জার্মানী, ফ্রান্স ও ইতালীতে অবস্থানরত আত্মীয়-স্বজনদের সাথে ব্যক্তিগত প্রয়োজনে দেখা করার উদ্দেশ্যে আগামী ১৩-২২ নভেম্বর, ২০১৬ খ্রিঃ তারিখ পর্যন্ত ১০(দশ) দিনের বহিঃবাংলাদেশ অর্জিত ছুটি নিম্নোক্ত শর্তে মঞ্জুর করা হলো :

শর্তসমূহ :

১. উক্ত ভ্রমণে বাংলাদেশ সরকারের কোন বৈদেশিক মুদ্রা ব্যয় হবে না।
২. ছুটিকালীন বেতন-ভাতাদি বাংলাদেশী মুদ্রায় প্রদেয় হবে।
৩. অনুমোদিত ছুটির অতিরিক্ত ছুটি ভোগ করা যাবে না।
৪. ছুটিভোগ করার পর যোগদান পত্র দাখিল করতে হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,


শিরীন রবী
উপসচিব


ফোন : ৯৫৫০০১৭।

পত্র নং-৪৪.০০.০০০০.০২৩.০৫.০১৭.২০১৪-৩১৫/১(১৩)

তারিখঃ ১৭/১০/২০১৬ খ্রিঃ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ১। সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা (নোটভারবাল ইস্যুর ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ২। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৩। কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, ঢাকা।
- ৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (পরবর্তী গেজেটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
- ৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা, ইমিগ্রেশন, হযরত শাহজালাল (রঃ) আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ৮। কারা উপ মহাপরিদর্শক, ঢাকা বিভাগ, ঢাকা।
- ৯। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, এজিবি কমপ্লেক্স, সেগুনবাগিচা, ঢাকা।
- ১০। জনাব মোহাম্মদ সাজ্জাদ হোসেন, সহকারী কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, ঢাকা।
- ১১। সহকারী প্রোগ্রামার, কম্পিউটার সেল, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে আপলোডের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ১২। অতিরিক্ত সচিব (প্রশাসন), মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ১৩। অতিরিক্ত সচিব (কারা), মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।


শিরীন রবী
উপসচিব